

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৩৮.২০১৭- ২৬৪০

তারিখ : ১৭ পৌষ ১৪২৪
৩১ ডিসেম্বর ২০১৭

বিষয় : রীট পিটিশন নং-১৮৬৬৭/২০১৭, পিটিশনার জনাব মোঃ নজরুল ইসলাম, পিতা- মোঃ মনসুর আলী, গ্রাম-উত্তর বাণলাপাড়া, (ডেংগাপাড়া), উপজেলা-জলঢাকা, জেলা-নীলফামারী ও অপর ১৬ জন - বনাম-সরকার ও অন্যান্য।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, এলজিএসপি-২ প্রকল্পে কর্মরত ডিষ্ট্রিক্ট ফ্যাসিলিটেটরদের নিয়োগ ৭.৯.২০১৭ তারিখের ৩৯ নং স্মারকে বাতিলপূর্বক নতুনভাবে এলজিএসপি-৩ প্রকল্পের ডিষ্ট্রিক্ট ফ্যাসিলিটেটর পদে নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের বিরুদ্ধে সচিব মহোদয়সহ ৩(তিন) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তঃ পিটিশনারদের বিজ্ঞাপিত পদে নিয়োগের জন্য প্রতিপক্ষকে কেন নির্দেশনা দেয়া হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। একই সাথে বিজ্ঞ আদালত রুল ইস্যু পূর্বক এলজিএসপি-৩ প্রকল্পে পিটিশনারদের পদ সংরক্ষণের নির্দেশনা দিয়েছে।

২। এমতাবস্থায়, রীট পিটিশন নং-১৮৬৬৭/২০১৭ মামলাটি সরকারের পক্ষে প্রতিদ্বন্দ্বিতা/ আপীল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকারি আইনজীবীর পাশাপাশি প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

সংযুক্ত : রুল, ওকালতনামা ও আনুষঙ্গিক কাগজপত্রফর্দ।

৩১.১২.১৭

(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

এ্যাডঃ জনাব মোঃ আশরাফুল আলম
বিজ্ঞ বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ২। বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা;
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৮৩/বি, মালিবাগ, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব (ইউনিয়ন পরিষদ-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৮। অফিস কপি